



মেট্রোস্টেশনে বিয়ারিং প্যাড খুলে পথচারীর মৃত্যু, ৫ লাখ টাকা ক্ষতিপূরণ



সংগৃহীত ছবি

রাজধানীর ফার্মগেট মেট্রো স্টেশনের কাছে একটি বিয়ারিং প্যাড (স্প্রিং) খুলে পড়ে পথচারী আবুল কালাম আজাদ নিহত হওয়ার ঘটনায় নিহত পরিবারের জন্য ৫ লাখ টাকা ক্ষতিপূরণ ঘোষণা করেছেন সড়ক ও রেল উপদেষ্টা ফাওজুল কবির খান।

রোববার (২৬ অক্টোবর) দুর্ঘটনাস্থল পরিদর্শন করে তিনি জানান, নিহতের পরিবারের কেউ যদি বেকার হন, তাকে মেট্রোরেল চাকরি দেওয়ার ব্যবস্থা করা হবে। এছাড়া, ঘটনার প্রকৃত কারণ উদঘাটনে ৫ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

উপদেষ্টা বলেন, “এই দুর্ঘটনা নির্মাণ ত্রুটি থেকে হয়েছে নাকি অন্য কোনো কারণে—তদন্তের মাধ্যমে তা স্পষ্ট হবে।” তিনি আরও জানান, মেট্রোরেল চলাচল আপাতত বন্ধ, তবে দ্রুত আগারগাঁও থেকে উত্তরা উত্তর পর্যন্ত সেবা পুনঃচালু করা হবে। তবে আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত অংশ আজ চালু করা সম্ভব হচ্ছে না।

দুর্ঘটনার সময় প্রত্যক্ষদর্শীরা জানান, পথচারী ফার্মগেট স্টেশনের পাশ দিয়ে যাচ্ছিলেন, ঠিক তখনই ওপর থেকে ভারী বিয়ারিং প্যাড পড়ে তার মাথায় আঘাত করে। স্থানীয়রা তাকে দ্রুত উদ্ধার করে হাসপাতালে নিয়ে চিকিৎসক মৃত ঘোষণা করেন। ঘটনাস্থলে প্রচুর রক্তক্ষরণ হয়েছিল।

উল্লেখ্য, গত বছরের ১৮ সেপ্টেম্বরও একই ধরনের একটি বিয়ারিং প্যাড খুলে পড়েছিল। সেসময় কোনো হতাহত হয়নি, তবে মেট্রোরেল ১১ ঘণ্টা বন্ধ ছিল।